ছন্দঃকুসুম।

সংস্কৃত ছন্দঃসমূহ ভাষাতে প্রচলিত করণের
নিয়ম যুক্ত ভাষা ছন্দোগ্রন্থঃ।

অথচ

কাব্যচ্ছলে শ্রীকৃষ্ণলীলা মানভিক্ষোপন্যাস।

শ্রীভুবনমোহন রায় চৌধুরী কর্তৃক
রচিত।

কলিকাতা।

মির্জ্জাপুর, অপর সর্কিউলর রোড, নং ৫৮।৫

বিদ্যারত্ন যন্ত্রে

শ্রীযদুনাথ ঘোষদ্বারা মু[illegible]

সন ১২[illegible] সাল। ফাল্গুন।

মূল্য দুই টাকা

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণ সমীপে যথাবিহিত সম্মান পুরঃসর নিবেদন করিতেছি যে এই অভিনব ছন্দঃকুসুম নামক ছন্দোগ্রন্থ অথবা কাব্যাকার পুস্তকখানি ১৮৩ প্রকার ছন্দোবন্ধে প্রস্তুত করা গিয়াছে। আমি ইহা পূর্ব্বে মুদ্রাঙ্কন মানসে প্রস্তুত করি নাই, সংস্কৃত ছন্দ সকল সাধু ভাষায় ব্যবহৃত হইলে সুললিত এবং সুশ্রাব্য হইতে পারে কি না কেবল ইহা পরীক্ষা করণার্থে রচনা করিয়াছিলাম; কিন্তু রচনা সমাপ্তপ্রায় হইলে আমার প্রিয়বন্ধু শ্রীযুক্ত বাবু গোপাললাল মিত্র মহাশয় এবং অন্যান্য বিজ্ঞ ও পণ্ডিত মহোদয়গণ, বিদ্যোৎসাহী ব্যক্তিগণের আদরণীয় বোধে এই পুস্তকের প্রতিষ্ঠা করিয়া মুদ্রাঙ্কিত করণার্থে অনুরোধ করেন, কিন্তু আমার মনে সে কথায় কোন আস্থাই হইত না। পরে ফোর্ট উইলিয়ম কালেজের পণ্ডিত শ্রীযুক্ত রামনারায়ণ বিদ্যারত্ন মহাশয় স্বীয় স্বভাবসিদ্ধ অসীম ঔদার্য্যগুণে পরিশ্রম স্বীকার পূর্ব্বক এই গ্রন্থখানি আদ্যোপান্ত পর্য্যালোচনা করিয়া, স্থানে স্থানে যে সকল দোষ ছিল তাহা ধৃত করিয়া দেন, তদনুসারে আমি সেই সকল দোষ সংশোধন করিলে প্রস্তাবিত মহাশয় তাহা পুনঃ পুনঃ দৃষ্টি ও আমাকে উৎসাহ দান করায় আমি অপারসীম সাহসের পরা-কাষ্ঠা প্রাপ্ত হইয়া, জন সমাজে সুগোচর করণার্থে মুদ্রিত ও প্রকটিত করিলাম, সুবিজ্ঞ পণ্ডিত ও বিদ্যোৎসাহী মহোদয়গণের গ্রাহ্য হইলে সকল পরিশ্রম সফল বোধ করিব।

যদিচ প্রচলিত রীত্যনুসারে গ্রন্থমাত্রের ভূমিকা সংবাদির গদ্যে প্রস্তুত হইয়া থাকে, কিন্তু বিবিধ ছন্দোবন্ধ প্রচার এবং একমাত্র ছন্দে

স্বীয় মনোগত ভাব সুস্পষ্টরূপে ব্যক্ত করা এ গ্রন্থের উদ্দেশ্য হইয়াছিল, বিশেষতঃ অনুষ্টুপ্ অর্থাৎ* অষ্টাক্ষরা বিষম বৃত্তির কয়েকটি ছন্দ, যাহা প্রাচীন সংস্কৃত গ্রন্থসমূহে ব্যবহৃত হইয়াছে, সেই সেই ছন্দ বাঙ্গালাতেও ব্যবহার যোগ্য করিয়া দর্শাইবার মানসে এই গ্রন্থের ভূমিকাভাগ অলঙ্কৃত করিয়া পদ্য রচনার দ্বারা প্রকাশ করা হইল, সুতরাং এই ভূমিকাটিও এই গ্রন্থের এক অবয়ব ও উক্ত ছন্দের উদাহরণ বলিয়া স্বীকর্ত্তব্য। এক্ষণে প্রার্থনা এই যে পাঠকবর্গ পাছে ভূমিকা রচনায় নূতন প্রথা দেখিয়া বিরক্ত না হন, বিরক্তি পরিহার পূর্ব্বক ইহা পাঠ করিলেই গ্রন্থতাৎপর্য্য অনায়াসে অবগত হইতে পারিবেন।

ইহা অপ্রকাশ নহে যে ছন্দ রক্ষা ও সুশ্রাব্য পাঠের অনুরোধে অবিশুদ্ধ উচ্চারণ করাও সর্ব্বদা প্রয়োজন হইয়া থাকে। এই পুস্তক পাঠার্থে তদ্রূপ অসঙ্গত অনুরোধের প্রয়োজন হইবেক না, কেবল গুরু লঘু ও হলন্ত বর্ণ সকলের স্বরবমত সম্পূর্ণ উচ্চারণ করিলে এবং চরণান্ত যতির প্রতি দৃষ্টি রাখিয়া পাঠ করিলে, আপনা হইতেই ছন্দ সকল স্ফূর্তিমান্ হইবেক; এইরূপ যথার্থ উচ্চারণ করিলে যদিও চলিত ভাষার কি কথার কিঞ্চিৎ বৈলক্ষণ্য হয় বটে, কিন্তু লিখিত ভাষার সহিত বাচনিক কথার ঐরূপ বৈলক্ষণ্য সর্ব্বদাই সকল ভাষায় ব্যবহার আছে।

এই পুস্তকের মধ্যে মূল ছন্দোমঞ্জরী এবং বৃত্তরত্নাবলী নামক গ্রন্থদ্বয় একত্রিত করিয়া স্বল্পাক্ষরে তাহার লক্ষণ ও উদাহরণ সকল লিখিত হইল, তদ্দ্বারা যথেচ্ছা সংস্কৃত কিম্বা ভাষা স্বতন্ত্ররূপে পাঠ করণের সুগম হইবেক। ইতি।

শ্রী ভুবনমোহন রায় চৌধুরী।

ভবানীপুর, ফাল্গুন ১২৭০।

অথ ভূমিকা।

সাধু ভাষাতে সচরাচর ব্যবহারোপযোগী
বক্তু পথ্যাবক্তু এবং শ্লোক অথবা অনুষ্টুপ্ এই কয়েকটি
ছন্দে রচিত হইল।

অথ সংস্কৃত ভাষাদেবীর ঐশ্বর্য্য বর্ণনা। যথা

আদ্যা সংস্কৃতভাষা, সে, বিখ্যাতা এ মহীতলে।
স্থির-যৌবন-সম্পন্না, অথচ স্থবিরা অতি ॥ ২৯৫ ॥
সর্ব্বাঙ্গ সুন্দরী দেবী, বর্ণমালা পরে গলে।
নানা ভূষণ সর্ব্বাঙ্গে, শোভিছে রত্ন হীরকে ॥ ২৯৬ ॥
বেদ তন্ত্র পুরী মধ্যে, অবস্থান করে সদা।
ধর্ম্মশাস্ত্রাদি যে আছে, বসিতে সে সুখাসন ॥ ২৯৭ ॥
অন্যান্য কাব্য-শয্যাতে, শয়নে বিরমে সতী।
ভ্রমিতে বায়ুসেবার্থে, অলঙ্কারাদি বাহন ॥ ২৯৮ ॥
নানাভিধান-ভাণ্ডারে, শব্দ অর্থে প্রপূরিত।
সে সর্ব্ব রত্ন নির্দ্দিষ্ট, ধাতু স্পর্শমণী তথা ॥ ২৯৯ ॥
রমণীয়া বিচিত্রা সে, বেদ তন্ত্রময়ী পুরী।
আছে নির্ম্মিত তন্মধ্যে, বহু শাস্ত্রের মন্দির ॥ ৩০০ ॥

সে পুরীর বহির্দ্দেশে, পরিখা-তর্ক দুস্তর।
ব্যাকরণ মহাদুর্গে, চারি পার্শ্বে সুবেষ্টিত ॥ ৩০১ ॥
অতি দুর্গম দুর্ভেদ্য, দৃঢ় সঙ্কেত-পাথরে।
অল্পায়ু ক্ষীণধী লোকে, না পারে দুর্গ লঙ্ঘিতে ॥ ৩০২ ॥
ছন্দঃ-শাস্ত্রোদ্যান-মধ্যে, প্রস্তার* তরু অদ্ভুত।
পদ্য শাখা প্রশাখাতে, ছন্দঃকুসুমমঞ্জরী ॥ ৩০৩ ॥

---

* ছন্দঃ প্রভৃতির প্রভেদজ্ঞাপক সঙ্কেতবিশেষ। যথা—

পাদে সর্ব্বগুরাবাদ্যাৎ লঘুন্যস্য গুরোরধঃ।
যথোপরি তথা শেষং ভূয়ঃ কুর্য্যাদমুং বিধিং ॥
ঊনে দদ্যাদ্গুরূনেব যাবৎ সর্ব্বলঘুর্ভবেৎ।
প্রস্তারোঽয়ং সমাখ্যাতশ্ছন্দোবিচিতিবেদিভিঃ ॥

ইতি বৃত্তরত্নাবলী। অপিচ অত পদ্যার।

পঢম গুরু হেট্ঠ ঠাণে লহুআ পরিঠবউ অপ্পবুদ্ধীএ।
সরিসা সরিসা পন্তী উব্বরিআ গুরু লহূ দেহু ॥

অস্য টীকা।

এতচ্ছন্দোজ্ঞানং প্রস্তারজ্ঞানাধীনমিতি প্রস্তারং দর্শয়তি।

প্রথমং গুরোরধঃস্থানে লঘুকং পরিস্থাপয় আত্মবুদ্ধ্যা। সদৃশী সদৃশী পংক্তিরুদ্বৃত্তৌ গুরুলঘু দেহি ॥ সদৃশী পংক্তির্দক্ষিণে কার্য্যা বামে গুরুলঘুভিঃ পূরণং কার্য্যং। ইদন্তু মাত্রা প্রস্তারবিষয়ং, তত্রাপি গুরোর্লিখনযোগ্যত্বে গুরুর্লেখ্যঃ, অপরত্র লঘুর্দেয়ঃ, বর্ণপ্রস্তারে তু গুরুণৈব পূরণং কার্য্যং, তত্রায়ং প্রকারঃ। আদৌ গুরুর্লেখ্যঃ, তত্র প্রথমং গুরোরধঃ স্থানে লঘুর্লেখ্যঃ, তদ্দক্ষিণে চোপরিস্থিতপংক্তেঃ

ফলে নিয়ত সে বৃক্ষে, কবিতা ফল বিস্তর।
ভিন্নাকার বৃহৎ ক্ষুদ্র, নানা বর্ণে হরে মনঃ ॥ ৩০৪ ॥
শৃঙ্গার করুণা রৌদ্র, বীরাদি নবধা রসে।
সমস্ত ফল সুস্বাদু, মাধুর্য্যে অমৃতোপম ॥ ৩০৫ ॥
খেলিছে কবিহংসেরা, রঙ্গে ভাব-সরোবরে।
আনন্দ-লহরী তাহে, প্রফুল্লচিত্ত পদ্মিনী ॥ ৩০৬ ॥
এ সমস্ত মহৈশ্বর্য্যে, ভুঙ্ক্তে সংস্কৃত সুন্দরী।
সর্ব্ব সম্পত্তি-সম্পন্না, অভাব-নাম বর্জ্জিতা ॥ ৩০৭ ॥

সদৃশী কার্য্যা, বামে চ গুরুলঘুভিঃ পূরণং কার্য্যং, বামে চৈকএব লঘুঃ পততি, বর্ণপ্রস্তারে তু বামে লঘুস্পর্শো নাস্তি, যথা ত্রিকলপ্রস্তারে ।৬৬। প্রথমগুরোরধো লঘুর্ব্বামতশ্চ কলার্দ্ধপূরণং গুরুণৈব কার্য্যং, দক্ষিণে চ পংক্ত্যাভাবঃ, ততো গুরোরধো লঘুর্লেখ্যঃ, দক্ষিণে চ লঘোরধো লঘুর্লেখ্যঃ, বামে চ কলাপূরণং একেন লঘুনা কার্য্যং, এবং চতুষ্কলা ।৬৬। দাবপি বোধ্যং, যথা অক্ষরচ্ছন্দসি ৬৬ এবমন্যত্রাপি বোধ্যং ॥

ইতি শব্দকল্পদ্রুমাভিধানে প্রস্তারশব্দো দ্রষ্টব্যঃ ॥

অধুনা স্বরপ্রস্তার।

ক্রমেণৈব স্বরাঃ স্থাপ্যাঃ পূর্ব্বপূর্ব্বপরাদধঃ।
মূলক্রমঃ ক্রমাৎ পৃষ্ঠে পুরস্থপরিবর্ত্তিনঃ ॥
স চেদুপরি তৎপূর্ব্ব ইত্থং প্রস্তারণক্রমঃ ॥

অথ স্বরপ্রস্তারে পিঙ্গলবন্নষ্টোদ্দিষ্ট মেরুপতাকাসূচীসংখ্যাপর-প্রভৃতয়ঃ সন্তি। গ্রন্থবিস্তারভয়ান্নোক্তাঃ। ইতি শব্দকল্পদ্রুমাভিধানে স্বরশব্দে দ্রষ্টব্যঃ ॥

অথ প্রাকৃত ভাষার দুরবস্থা বর্ণনা।

সংস্কৃতের প্রিয়া কন্যা, সাধুভাষানুনামিকা।
তরুণী কোমলা রামা, প্রাঞ্জল প্রিয়বাদিনী॥ ৩০৮॥
হয়ে সম্প্রতি সম্ভূতা, আদ্যা ভাষার অঙ্গজা।
এই ভারতবর্ষে, সে, ভ্রমে দীনা অনাথিনী॥ ৩০৯॥
অনাথা দেখিয়া তারে, লোকে আদর না করে।
বরঞ্চ তুচ্ছ তাচ্ছীল্যে, সম্ভাষণ করে সবে॥ ৩১০॥
দেশীয় সাধুভাষাতে, ছন্দগ্রন্থ সুদুর্লভ।
সে হেতুক রহে লোকে, ছন্দজ্ঞানে বিবর্জ্জিত॥ ৩১১॥
পাঁচালী নাম বিখ্যাতা, সাধারণ মনোরমা।
পয়ার ত্রিপদী আদি, প্রাকৃতে হয় চালনা॥ ৩১২॥
দ্বিপাদে শ্লোক সংপূর্ণ, তুল্য সংখ্যার অক্ষরে।
পাঠে দুই পদে মাত্র, শেষাক্ষর সদা মিলে॥ ৩১৩॥
পঠনে সে সব ছন্দঃ, রাখিতে তাল গৌরব।
পঠিছে সর্ব্বদা লোকে, উচ্চারণ বিপর্য্যয়ে॥ ৩১৪॥
লঘুকে গুরু সম্ভাবে, দীর্ঘ বর্ণে কহে লঘু।
হ্রস্ব দীর্ঘে সমজ্ঞানে, উচ্চারণ করে সবে॥ ৩১৫॥
হসন্ত প্রায় সম্ভাষে, শব্দের শেষ অক্ষরে।
বর্ণান্তস্থ অকারেরে, লুপ্তাকারে পঠে সদা॥ ৩১৬॥
এই কুৎসিত সংস্কারে, দেশভাষা দিনে দিনে।
হয়েছে সম্পাদভ্রষ্টা, দীনভাবে ভ্রমে সদা॥ ৩১৭॥

বর্ণমালা ধরে মাত্র, মাতৃ আচার রাখিতে।
ভগ্ন শব্দাদি রত্নেতে, ছিন্নালঙ্কার ভূষিতা ॥ ৩১৮ ॥
দ্বারে দ্বারে করে ভিক্ষা, নাহি জাতি বিবেচনা।
নানা জাতীয় শব্দার্থে, করে যত্নে প্রতিগ্রহ ॥ ৩১৯ ॥
পারস্য আরবী হিন্দী, ইংরাজী শব্দ-সম্পদে।
লয়ে দান মহাকষ্টে, করে উদর পোষণ ॥ ৩২০ ॥
অভাবে শব্দ-সম্পত্তি, যাচে অন্যের আলয়ে।
শ্রীভ্রষ্টা দৈন্য দৌর্ভাগ্যে, সুতরাং হীনগৌরবা ॥৩২১॥

অথ প্রাকৃত ভাষার দুরবস্থা-খণ্ডনার্থ উপায়-চিন্তা
ও সংস্কৃতভাষা-দেবীর দর্শন ও স্তব।

দুরবস্থায় আকীর্ণা, মাতৃভাষায় দেখিয়া।
করুণাশ্রু বহে চক্ষে, হৃদয়ে পাইনু ব্যথা ॥ ৩২২ ॥
হইয়া দৃঢ়সঙ্কল্পা, করিয়া শ্রম-সাধনা।
যত্নে উদ্ধরিতে তাহে, হইলাম সমুৎসুক ॥ ৩২৩ ॥
মান্যা সে সংস্কৃতা ভাষা, মাতৃভাষার জন্মদা।
বিনা তাঁহার সাহায্যে, উদ্ধারে কার শক্তিবা ॥ ৩২৪
এতাদৃশ মনো মধ্যে, করি বিস্তর জল্পনা।
কিরূপে হইবে সিদ্ধ, এ কার্য্য অতি দুষ্কর ॥ ৩২৫ ॥
একান্তে অনুসন্ধানে, ভ্রমি উদ্বেগ কাননে।
সহসা সংস্কৃতা দেবী, মোরে দিলেন দর্শন ॥ ৩২৬ ॥

দেখে প্রণমিয়া তাঁরে, যোড়হস্তে সকাতরে।
করুণাস্তুতি সম্ভাষে, করিলাম নিবেদন ॥ ৩২৭ ॥
হে দেবি দেব আরাধ্যে, পণ্ডিতের শিরোমণি।
তুমি ধন্যা জগন্মান্যা, জ্ঞান বিদ্যা প্রদায়িনী ॥ ৩২৮ ॥
যে তোমারে করে সেবা, ভক্তি আয়াস সাধনে।
নিত্য আনন্দ সন্তোষে, সে করে দিন যাপন ॥ ৩২৯ ।
ত্রিতত্ত্বে সেই তত্ত্বজ্ঞ, ব্রহ্ম জ্ঞানে সুতৎপর।
ঈশ্বর-প্রেম জানে সে, তোমারে যে সদা ভজে ॥ ৩৩০ ॥
তুমি যারে প্রসন্না, সে, সুখী ভোগী ধরাতলে।
হয়ে ঐশ্বর্য্য সম্পন্ন, সম্মানে কাল সংহরে ॥ ৩৩১ ॥
তুমি আদ্যা ত্রিসংসারে, সম্যক্ বিভবশালিনী।
আছে তোমার ভাণ্ডারে, অমূল্য নিধি বিস্তর ॥ ৩৩২ ॥
যথা সন্ধি সমাসাদি, ধাতু প্রত্যয় কারক।
বিভক্ত্যাদি ধনে রত্নে, তব ভাণ্ডার পূরিত ॥ ৩৩৩ ॥
এতাদৃশ ধনে বিত্তে, সম্পদে হইয়া ধনী।
রয়েছ ভোগ সৌভাগ্যে, নানা সুখ বিলাসিনী ॥ ৩৩৪ ॥
কিন্তু এক মনস্তাপে, আছি সন্তত তাপিত।
বর্ণিতে বিদরে বক্ষ, ভাসি শোকের সাগরে ॥ ৩৩৫ ॥
তোমার নন্দিনী ভাষা, এই দেশে অবস্থিতা।
তব সেবানুরক্তা, সে, তব ভক্তিপরায়ণা ॥ ৩৩৬ ॥
তথাপি দুঃখ দারিদ্র্যে, দীনা ক্ষীণা হয়ে রহে।

নানা স্থানে করে ভিক্ষা, ব্যস্তা উদর পোষণে ॥ ৩৩৭ ॥
তুমি যাহার মাতা সে, ভ্রমিতেছে ঘরে ঘরে।
উদ্দেশ কর না তারে, কি জন্যে স্নেহ খণ্ডিলে ॥ ৩৩৮ ॥
অপূর্ব্ব এই সংসারে, তোমার মহিমা দয়া।
কিন্তু আপন কন্যাতে, দয়া নাহি কি কারণে ॥ ৩৩৯ ॥
এরূপে বহু আক্ষেপে, দেশ ভাষার দুর্দ্দশা।
একে একে সবিস্তারে, কহিলাম যথাযথ ॥ ৩৪০ ॥
সমস্ত শুনিয়া দেবী, শোকে হইল কাতরা।
ধীরে ধীরে কহে মোরে, অশ্রু পূরিত লোচনে ॥ ৩৪১ ॥

অথ সংস্কৃত কর্ত্তৃক দেশ ভাষার দৈন্য
খণ্ডন ও বরদান।

সংস্কৃত ভাষা দেবীর উক্তি।

হিন্দু রাজার এরাজ্য, পূর্ব্ব কালে যবে ছিল।
ছিলাম সম্ভ্রমে আমি, বহু লোকের আদৃতা ॥ ৩৪২ ॥
মধ্যে যবন রাজারা, দৌরাত্ম্যে রাজ্য শাসনে।
বেদ তন্ত্রাদি বিধ্বংসে, মোরে উদ্বেজিতা করে ॥ ৩৪৩ ॥
ভয়ে ভীতা হয়ে আমি, নিজ সম্পত্তি রাখিতে।
গোপনে গ্রন্থ রত্নাদি, স্থাপিলাম দিগন্তরে ॥ ৩৪৪ ॥
ইদানীং রাজ ইংরাজে, করিতেছে সুশাসন।
বিদ্যালয় বহু স্থানে, স্থাপিতেছে সমাদরে ॥ ৩৪৫ ॥

ক্রমে স্বদেশ বাসীরা, হইতেছে সমুৎসুক।
করিতেছে যুবা বৃন্দে, মম বিদ্যার চালনা ॥ ৩৪৬ ॥
অতএব কুসংস্কারে, চিন্তা নাহিক এক্ষণে।
হইবে মম সম্মানে, কন্যা গৌরব শালিনী ॥ ৩৪৭ ॥
শব্দ সন্ধি সমাসাদি, ধাতু প্রত্যয় কারক।
মোর ঐশ্বর্য্য এ সর্ব্ব, দিলাম দুহিতা হিতে ॥ ৩৪৮ ॥
লয়ে এ সব সম্পত্তি, মাণিক্য স্বর্ণ হীরকে।
সাজাবে মম কন্যারে, যে অঙ্গে যার শোভন ॥ ৩৪৯ ॥
পুনশ্চ কহি সঙ্ক্ষেপে, ছন্দোগ্রন্থের বর্ণনা।
বহুকোটী* হবে সংখ্যা, প্রস্তার তায় দর্শিত ॥ ৩৫০ ॥

---

* ১৩, ৪২, ১৭, ৭২৬ সংখ্যা প্রস্তার। তৎপ্রমাণ যথা—

দব্বী সা সত্তসআতইং সত্তাবহ সহস্সাইং বাআলিসহ লক্‌খং তেরহ কোডী সমগ্গাইং।

অস্য টীকা।

অত্র চেকাক্ষর মারভ্য ষড়্‌বিংশত্যবধি বর্ণবৃত্তানাং প্রস্তারে কিয়তী সংখ্যেত্যত আহ। ১৩, ৪২, ১৭, ৭২৬ ষড়্‌বিংশতিঃ সপ্তশতানি তথা সপ্তদশসহস্রাণি দ্বিচত্বারিংশল্লক্ষা ত্রয়োদশ কোট্যঃ সমগ্রাণি অঙ্কস্য বামা গতি রিতাঙ্কাঃ স্থাপ্যাঃ। ইতি পিঙ্গলঃ, শীঘ্রবোধভূষণশ্চ। ইতি শব্দকল্পদ্রুমাভিধানে প্রস্তারশব্দে দ্রষ্টব্য ॥

অপিচ অসঙ্খ্য ছন্দ অপার সাগর তুল্য। ইহার প্রমাণ—

জো বিবিহ মত্ত সাঅরপারং পত্তো বিবিমলমইহেলং।
পঢমং ভাসতরণ্ডো নাওসো পিঙ্গলো জঅই ॥

তন্মধ্যে অতি যৎকিঞ্চিৎ, সংখ্যা প্রস্তার সংগ্রহে।
গ্রন্থত্রয় হবে দৃষ্ট, এ প্রদেশে প্রচারিত॥ ৩৫১ ॥
ছন্দোমঞ্জরিকা গ্রন্থ, বৃত্তরত্নাবলী তথা।
শ্রুতবোধ তিন গ্রন্থে, ছন্দো গ্রন্থ কহে সবে॥ ৩৫২ ॥

অস্য টীকা।

অথ ছন্দঃশাস্ত্রকর্ত্তুঃ পিঙ্গলাচার্য্যস্য স্তুতিরূপংমঙ্গলং নির্ব্বিঘ্নগ্রন্থপরিসমাপ্তয়ে গ্রন্থকৃৎ করোতি। বিবিধা নানাপ্রকারক বিন্যাস বিশিষ্টা মাত্রা যত্র তদ্বিবিধমাত্রং, ছন্দঃ কদম্বং তদেব সাগরঃ অতি দুর্গমত্বাৎ। তাবা এবতরপ্তা নৌর্যস্য। প্রাকৃতে হ্রস্বত্তা তেন তামযৈব ছন্দঃশাস্ত্রমুক্তবানিত্যবগম্যতে। কেচিত্তু লঘুগুরুরূপা যা বিবিধা মাত্রা তৈব সাগরঃ তৎপারং প্রাপ্তঃ। অপিরবধারণে। বিমলয়া মত্যা হেলা যত্র তদ্যথা স্যাৎ, নির্ম্মলবুদ্ধ্যা হেলযৈব পারং গত ইত্যর্থঃ। প্রথমমিত্যনেন ছন্দঃশাস্ত্রস্য প্রথমপ্রণেতাঽয়মিত্যবগম্যতে। অর্থান্তরমপ্যনেনৈব ব্যজ্যতে, যো বিবিধমাত্রাভিঃ সাগরপারং প্রাপ্তঃ বিঃ পক্ষী অর্থাৎ গরুড়ঃ তস্য বিমলমতৌ হেলা যত্র তৎযথা স্যাৎ তাম্য অনুনয়বাক্ তৈব নৌর্যস্য ঈদৃশো নাগো জয়তি। এবং হি শ্রূয়তে তোক্তুমুদ্যতং গরুড়ং দৃষ্ট্বা সকৌশলং সবিনয়ং তমুবাচ ভো গরুড় মমেদং কৌশলং যদেকবারলিখিতং ময়া লিখ্যতে তদা মাং ভক্ষ ইত্যুক্ত্বা সাগরতীরং ষড়্বিংশত্যক্ষরপর্য্যন্তং প্রস্তারং প্রদর্শ্য সমুদ্রং বিবেশ, গরুড়োঽপি বঞ্চনাৎ গুরুত্বেন তঞ্চ মত্বা তদ্দেশাদ্বিররাম এতাদৃশবুদ্ধিগৌরবং যস্য, অতএব জয়তি উৎকর্ষেণ বর্ত্ততে, তং প্রতি প্রণতোঽস্মীতি ব্যজ্যতে। অথবা গাথায়াং ভগণোপন্যাসো মঙ্গলার্থঃ প্রথমং ভৃত্যোদাসীনয়োর্ভগণজগণয়োর্যোগোঽনুচিতোঽপি কথাম্নিভাবহিতৈর্জ্ঞাব্যং। ইতি পিঙ্গলগ্রন্থঃ তট্টীকা চ।

॰ ইতি শব্দকল্পদ্রুমাভিধানে পিঙ্গলশব্দে দ্রষ্টব্য॥

সে সব গ্রন্থ ভাণ্ডারে, বহু রত্নাদি পাইবে।
কন্যার ব্যবহারার্থে, দিলাম সে সবে পুনঃ॥ ৩৫৩ ॥
এতেক কহিয়া দেবী, হর্ষে উৎফুল্ল লোচনে।
করুণা করিয়া মোরে, কহিলেন সমাসতঃ॥ ৩৫৪ ॥
মম কন্যার দুঃখেতে, হইলে তুমি কাতর।
এজন্যে তব তোষার্থে, দিব যে বর চাহিবে॥ ৩৫৫ ॥
এ প্রকার দয়া বাক্যে, কৃতার্থ মানিয়া মনে।
কহিলাম যথা তথ্যে, মনোভাব প্রকাশিয়া॥ ৩৫৬ ॥
তোমার মহিমা দেবি, জানে শাস্ত্রজ্ঞ পণ্ডিতে।
তব মাহাত্ম্য বিদ্যা বা, না জানি আমি মূঢ়ধী॥ ৩৫৭
কভু তোমার সেবার্থে করি নাহি পরিশ্রম।
তথাপি বরদানেচ্ছা, নিজের করুণা গুণে॥ ৩৫৮ ॥
যদি স্যাৎ বর দানেতে, হয়েছে তব বাসনা।
দেহ শক্তি তবে মোরে, রচিতে পদ্য পুস্তক॥ ৩৫৯ ॥
অবাধে নাশিতে পারি, তব কন্যার দীনতা।
সর্ব্বদা রহিবে তুষ্টা, দেশভাষা মম প্রতি॥ ৩৬০ ॥
অধুনা সাধুভাষাতে, ছন্দঃকুসুম সংজ্ঞক।
রচিব ছান্দসগ্রন্থ, বিভূতি লইয়া তব॥ ৩৬১ ॥
কদাচ না হবে মিথ্যা, সে গ্রন্থের ফলশ্রুতি।
একান্তে পঠিলে তাহা, লভিবে সে ফল ধ্রুব॥ ৩৬২ ॥
কহিলাম সবিস্তারে, ঈদৃশী প্রার্থনা মম।

কর সিদ্ধ মনস্কাম, প্রসন্না হইলে যদি ॥ ৩৬৩ ॥
তথাস্তু বচনে দেবী, করিয়া অনুমোদন।
কহিলেন হবে সিদ্ধ, চাহিলে তুমি যে বর ॥ ৩৬৪ ॥
এবং তব কৃত গ্রন্থ, পাঠে যে হইবে ফল।
নির্দ্দেশ করিয়া সম্যক্, কহি সেই ফল শ্রুতি ॥ ৩৬৫ ॥

অথ ফলশ্রুতি ॥

সংস্কৃত দেবীর উক্তি।

আবৃত্তি করিবে যেবা, ছন্দঃকুসুম পুস্তক।
উচ্চারণ পরিষ্কার, হইবে তার সত্বর ॥ ৩৬৬ ॥
হ্রস্ব দীর্ঘ অনুস্বারে, যথা বিহিত উচ্চরি।
যে পঠে সে হবে সিদ্ধ, ছন্দঃজ্ঞানে অসংশয় ॥ ৩৬৭ ॥
তথা ব্যঞ্জন বর্ণান্তে, হসন্ত যদি না রহে।
পূর্ণ উচ্চারণে তাহা, পাঠে পূর্ব্বফলে লভে ॥ ৩৬৮ ॥
এ সর্ব্ব নিয়ম জ্ঞানে, অভ্যাস করিলে ইহা।
অধিকারী হবে শীঘ্র, পাঠে সংস্কৃত পুস্তক ॥ ৩৬৯ ॥
প্রস্তার অনুসন্ধানে, মূলের সহ পুস্তকে।
বুঝিয়া পঠিবে যেবা, সে হবে কবি উত্তম ॥ ৩৭০ ॥
প্রস্তার পত্র সঙ্কেতে, সংস্কার জন্মিলে পরে।
রচিবে বিবিধচ্ছন্দে, নূতন গ্রন্থ বিস্তর ॥ ৩৭১ ॥

যে সব ছন্দ এদেশে, প্রচার নাহি পুস্তকে।
সৃজিবে সে সব ছন্দঃ, হইবে কবি উত্তম ॥ ৩৭২ ॥
কহিলাম সমাসেতে, এ গ্রন্থের ফলশ্রুতি।
কভু না হইবে মিথ্যা, মম বাক্য অখণ্ডিত ॥ ৩৭৩ ॥

অথ দেশভাষাকে অলঙ্কৃত করণ
এবং ক্ষমা প্রার্থনা ॥

রত্নাদি অর্পিয়া মোরে, কহিয়া এ ফলশ্রুতি।
বরদা হইয়া দেবী, হইলেন অদর্শন ॥ ৩৭৪ ॥
আমি সে তিন ভাণ্ডারে, একে একে প্রবেশিয়া।
যথেষ্ট পাইয়া যুগ্মে, বর্জ্জি শেষোক্ত কোষকে ॥ ৩৭৫ ॥
ছন্দোমঞ্জরিকা এবং বৃত্তরত্নাবলী লয়ে।
স্থাপিলাম যথাস্থানে, ছন্দঃকুসুম পুস্তকে ॥ ৩৭৬ ॥
ক্রমে উভয় ভাণ্ডারে, বসায়ে সাধু ভাষকে।
সাজাইলাম তাঁহারে, প্রায় তাবত ভূষণে ॥ ৩৭৭ ॥
যে যে ছন্দ অলঙ্কার, অঙ্গে নহিল শোভন।
অত্যাল্প শেষ সে ভূষা, করিলাম বিবর্জ্জন ॥ ৩৭৮ ॥
শব্দ সন্ধি সমাসাদি, রত্ন হীরক যে ছিল।
যোড়িলাম মনঃসাধে, যে অঙ্গে যেই সাজিল ॥ ৩৭৯ ॥
নানা রত্ন অলঙ্কারে, ভাষা হৈল অলঙ্কৃতা।
নিজ মাতার সৌন্দর্য্য, প্রায়ঃ করিল ধারণ ॥ ৩৮০ ॥

হীন ভূষণ যে থাকে, হইলে সে অলঙ্কৃতা।
অবশ্য হইতে পারে, কিঞ্চিৎ বিকৃত দর্শন॥ ৩৮১ ॥
সর্ব্বদা সেই আশঙ্কা, জাগিছে হৃদয়ে মম।
কি জানি হয় বা লোকে, দৃষ্টে মুদ্রিত লোচন॥ ৩৮২
কিন্তু পণ্ডিত বিজ্ঞেরা, অবিচারে কদাচন।
করে না ভগ্ন উৎসাহ, ভরসা সেই কেবল॥ ৩৮৩ ॥
প্রকাশে নূতন ছন্দঃ, প্রথমোৎসাহ এ মম।
যদি দোষ রহে গ্রন্থে, ক্ষমিবেন কৃপাগুণে॥ ৩৮৪ ॥

এই গ্রন্থের স্থূল তাৎপর্য্য,

এবং ইহার ছন্দঃকুসুম নাম রাখিবার কারণ॥

আদৌ মঙ্গল আচারে, ঈশ্বর স্তুতি বন্দনা।
কৃষ্ণরূপের সদ্ব্যাখ্যা, এবং দেবাদি বন্দনা॥ ৩৮৫ ॥
প্রথমে গ্রন্থ আরম্ভে, সঙ্কেত সব বর্ণনা।
তৎপরে ছন্দ রক্ষার্থে, হ্রস্ব দীর্ঘ নিরূপণ॥ ৩৮৬ ॥
কবিতা এক নির্দ্দিষ্ট, যতি লক্ষণ নির্ণয়ে।
ভাষা রচন সিদ্ধার্থে, মূল নিয়ম থাকিল॥ ৩৮৭ ॥
পশ্চাতে কাব্য আরম্ভে, সঙ্ক্ষেপে হরি বন্দনা।
তৎপরে কাব্য আকারে, কৃষ্ণলীলার বর্ণনা॥ ৩৮৮ ॥
মান ভিক্ষাচ্ছলে কৃষ্ণ, হইয়া ছদ্মযোগিনী।
রাধাস্থানে লভে ভিক্ষা, নানা বচন কৌশলে॥ ৩৮৯ ॥

রাধাকৃষ্ণের সংযোগে, যুগ্ম বিগ্রহ বর্ণনা।
বৃন্দারণ্যের সৌন্দর্য্যে, হইল গ্রন্থ সমাপন ॥ ৩৯০ ॥
ভিন্ন ভিন্ন বহুচ্ছন্দে, রচনা হইল পুস্তিকা।
তথাচ এক আভাসে, আদ্যন্তে বদ্ধশৃঙ্খলা ॥ ৩৯১ ॥
গ্রন্থোক্ত যে সব ছন্দঃ, এ দেশে সংস্কৃতে চলে।
তদ্ভিন্ন বিবিধচ্ছন্দঃ, করিলাম বিকাশিত ॥ ৩৯২ ॥
প্রস্তারের বলে তাহা, রচিলাম বিবেচিয়া।
নাম করণ সে সর্ব্বে, করিলাম পৃথক্ পৃথক্ ॥ ৩৯৩ ॥
তন্মধ্যে গ্রন্থ শেষোক্ত, বৃন্দারণ্যের বর্ণনে।
যে যে পদ্য হবে দৃষ্ট, পারস্যে সে প্রচারিত ॥ ৩৯৪ ॥
নাম বিশ্রাম নির্দ্দেশে, সঙ্কেত অবলম্বন।
প্রত্যেক ছন্দবোধার্থে, ছন্দে রচিনু লক্ষণ ॥ ৩৯৫ ॥
যত্নে প্রস্তার সাহায্যে, রচিলে পদ্য নূতন।
বহুকোটী হবে সংখ্যা, নহে মিথ্যা কদাচন ॥ ৩৯৬ ॥
যে নামে যে সব ছন্দঃ, বিখ্যাত ছিল সংস্কৃতে।
ছন্দের উপরে তাহা, করিলাম নিয়োজিত ॥ ৩৯৭ ॥
একাদি অক্ষরা বৃত্তি, সামান্য নাম যে ধরে ॥
অক্ষরা বৃত্তি আরম্ভে, সে নামোল্লেখ থাকিল ॥ ৩৯৮ ।
মাত্র সংস্কৃত ভাষাতে, সে ছন্দোমঞ্জরী ছিল।
সাধারণের বোদ্ধব্যা, ছিল না সেই কারণে ॥ ৩৯৯ ॥
অনেকে বুঝিতে নারে, তার সৌরভ মাধুরী।

সুতরাং মঞ্জরী ভাবে, রহিয়াছে নিরন্তর ॥ ৪০০ ॥
অধুনা সাধুভাষাতে, ছন্দঃ সকল সংগ্রহে।
কৃষ্ণলীলা সুধা কাব্যে, ছন্দে করিনু বর্ণনা ॥ ৪০১ ॥
নিতরাং কাব্য আকারে, প্রতিপন্ন হবে ইহা।
বুঝিতে পারিবে লোকে, ভাষা ছন্দের কৌশল ॥ ৪০২ ॥
অতএব পুরা কালে, যে ছন্দঃ ছিল মঞ্জরী।
ইদানীং কুসুমাকারে, সে হইল বিকাসিত ॥ ৪০৩ ॥
তাৎপর্য্যার্থের নির্দ্দেশে, হৈল নামাবধারণ।
গ্রন্থের নাম এজন্যে, ছন্দঃকুসুম পুস্তক ॥ ৪০৪ ॥
ভূমিকা রূপকাভাসে, কহে ভুবনমোহন।
জাতি বঙ্গজ কায়স্থ, উপাধি রায় চৌধুরী ॥ ৪০৫ ॥

শুদ্ধিপত্র।

পত্রাঙ্ক	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
১০	১৫	৬৬। প্রভাবতী	১৫১। হ্রস্বপ্রভা
			• ২২ • • ২৪ • • ২৭
৯০	৬	অযোনিভবা রটনা	অযোনিভবা রটনা
১০৪	৪	৪০৩	৪০৫
১১২	৮।১৪	বর্ণ সংখ্যাক্রমে	মাত্রা সংখ্যাক্রমে
		একাদি বিংশতি	একাদি চতুর্ব্বিংশতি
		পর্য্যন্ত অঙ্ক আছে	পর্য্যন্ত অঙ্ক দেয়।

ছন্দঃকুসুম।

—০০০—

বন্দনা।

—৪৪৪—

দশাবতারের স্তব।

৬১। দীর্ঘ-সারবতী

১ . . ৪ . . ৭ . . ১০ . .

উদ্ভব-পালন-নাশন-কারণ, মাধব কেশব পাতকবারণ। কচ্ছপ-মূর্ত্তি পিঠে ক্ষিতি-ধারণ, শূকর আকৃতি দৈত্য-বিদারণ ॥ ১ ॥

১ . . ৪ . . ৭ . . ১০ . .

শ্রীমধুসূদন কৈটভ-নাশন, সজ্জন-পালন দুর্জ্জন-শাসন। মীনতনূ ধরি বেদবিকাশন, রাঘব রাক্ষসবংশ-হুতাশন ॥ ২ ॥

১ . . ৪ . . ৭ . . ১০ . .

বামন ইন্দ্রহিতে বলিতারক, সিংহনরাকৃতি দৈত্যবিদারক। ভার্গব রাম অবাহুজ কারক, রাম মহাবল লাঙ্গল-ধারক ॥ ৩ ॥

১ . . ৪ . . ৭ . . ১০ . .

বেদনিরূপিত-যাগনিবর্ত্তন, বুদ্ধশরীর দয়া-পরিবর্দ্ধন। ম্লেচ্ছভয়াবহ মস্তককর্ত্তন, কল্কি সদা কলিকল্মষ-মর্দ্দন ॥ ৪ ॥

ছন্দঃকুসুম

নিত্য নিরঞ্জন সত্য সনাতন, অব্যয় অক্ষয় মোক্ষনিকেতন। চিন্ময় [illegible]-ঘাতন, নির্জ্জরবন্দিত আদি পুরাতন ॥৫॥

সত্ত্ব রজ তম সর্ব্বগুণাশ্রয়, সৃষ্টিবিধায়ক দীনদয়াময়। পালক নাশক ধার্ম্মিক আশ্রয়, ভক্ত জনে কর মুক্ত অসংশয় ॥ ৬ ॥

ভগবানের স্তব ও প্রার্থনা।

৫১। ভুজঙ্গপ্রয়াত।

সদা বিশ্বপাতা মহাবিষ্ণুরূপী, জগৎসৃষ্টিকর্ত্তা নিয়ন্তা বিধাতা। মহাকালরূপে-পুনর্ধ্বংসকারী, কর ত্রাণ দীনেশ দীনে অপাঙ্গে ॥ ৭ ॥

চিদাকাশ-মধ্যস্থলে অন্তরাত্মা, পরব্রহ্ম বন্দে সহস্রার-বাসী। নিরাকার সাকার পাপান্তকারী, কর ত্রাণ দীনেশ দীনে অপাঙ্গে ॥ ৮ ॥

পৃথগ্বারি-পাত্রোদকে ভানু একে, বিভিন্নাঙ্গধারী যথা দেখি লোকে। তথা এক আত্মা পৃথগ্দেহবাসী, কর ত্রাণ দীনেশ দীনে অপাঙ্গে ॥ ৯ ॥

নমস্তে চিদানন্দ আনন্দদায়ী, মহাবিষ্ণুশায়ী অনন্তাবরাম। অহে দীনবন্ধো পরিত্রাণকর্ত্তা, কর ত্রাণ দীনেশ দীনে অপাঙ্গে ॥ ১০ ॥

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯ ১০ ১১ ১২
দিবা রাত্রি সন্ধি প্রভাত প্রদোষে, ক্রমে সূর্য্য চন্দ্রে নিয়োগী বিয়োগী। নভোমণ্ডলে তারকা জ্যোতি-দাতা, কর ত্রাণ দীনেশ দীনে অপাঙ্গে ॥ ১১ ॥

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯ ১০ ১১ ১২
মহাদেব দেবেশ গোলোকবাসী, রমানাথ লোকেশ যজ্ঞেশ যন্ত্রী। চতুর্ব্বর্গদাতা গদাচক্রপাণি, কর ত্রাণ দীনেশ দীনে অপাঙ্গে॥ ১২ ॥

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯ ১০ ১১ ১২
ব্রজে গোপিকাকান্ত গোপালরক্ষী, ধরাভারহারী নরা-কারধারী। সমুদ্রে পুরী দ্বারকা সৃষ্টিকারী, কর ত্রাণ দীনেশ দীনে অপাঙ্গে ॥ ১৩ ॥

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯ ১০ ১১ ১২
ত্রিসংসার মাঝে জগৎপ্রাণরূপে, অবস্থানকর্ত্তা শরীরে শরীরে। যথেচ্ছা ক্রমে জীববিধ্বংসকারী, কর ত্রাণ দীনেশ দীনে অপাঙ্গে ॥ ১৪ ॥

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯ ১০ ১১ ১২
হয়ে কর্ম্মপাশে দৃঢ়ীভূত বন্দী, ভয়ে ভীত আত্মা পরিত্রাহি ডাকি। অহে মুক্তিদাতা বিপন্নাশকর্ত্তা, কর ত্রাণ দীনেশ দীনে অপাঙ্গে ॥ ১৫ ॥

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯ ১০ ১১ ১২
ভয়োদ্বেগ চিন্তা জ্বলদ্বহ্নিরূপে, মহাউগ্র তাপে সদা দেহ দাহে। অহে তাপহন্তা কৃপাবারি দানে, কর ত্রাণ দীনেশ দীনে অপাঙ্গে ॥ ১৬ ॥

শ্রীকৃষ্ণের রূপবর্ণন।

২৬। দ্রুতবিলম্বিত।

জলদ-নীলিম রূপ মনোহর, চরণপঙ্কজদীপ্তি দিবাকর।
বসন পীত সুভঙ্গি কলেবর, কুসুমমাল্য গলে নব নাগর ॥ ১৭॥

. . . ৪ . . . ৭ . . . ১০ . . ১২

মৃগমদে বদনে তিলকাবৃত, উরপরে ভৃগুপাদ সমাদৃত।
অগুরু-কুস্কুম দেহ অলঙ্কৃত, চরণবাজন নূপুর ঝঙ্কৃত ॥ ১৮ ॥

. . . ৪ . . ৭ . . ১০ . ১২

শ্রবণভূষণ মাণিককুণ্ডল, শিরসি শোভিত কুঞ্চিত কুন্তল।
শশি-বিনিন্দিত তনুমুখ-মণ্ডল, দশন মৌক্তিক-পঙ্ক্তি সু-শৃঙ্খল ॥ ১৯ ॥

. . . ৪ . . ৭ . . . ১০ . . ১২

নয়ন বঙ্কিম ঠাম কি সুন্দর, স্মিত মুখে দ্বিভুজে মুরলী-ধর। শিখিজ পুচ্ছ শিরে জগদীশ্বর, ভকত-বৎসল ভাব নিরন্তর ॥ ২০ ॥

. . . ৪ . . . ৭ . . . ১০ . ১২

ভুবনমোহন মূর্ত্তি হৃদে ধরি, ভজন-ভাজন চিত্ত সদা হরি।
ভুবনমোহন রায় চতুধুরী, রচিল ছন্দ সুধাময় মাধুরী ॥ ২১॥

১৩৩। তূর্ণতিকা।

. . ৩ . . ৬ . . ৯ . . ১২ . . ১৫ . . ১৮ . . ২১ . . ২৪

গণদেব গণেশ তথা গুরুদের-পদে করি বন্দন নম্রশিরে,
তদনন্তর বাক্যবিধানকরী সুরসেবিত-শোভিত পাদযুগে।
ঋষি তাপস বিপ্রগণের পদে প্রণতি স্তুতি বিস্তর একমনে,
জন-পূজিত সাধু সুশীল তথা কবিবৃন্দপদে নতি যোড়করে ॥ ২২॥

এই প্রকৃত গ্রন্থ, গঙ্গাদাস-বিরচিত ছন্দোমঞ্জরী ও চিরঞ্জীব ভট্টাচার্য্য-বিরচিত বৃত্তরত্নাবলীর সহিত ঐক্য করিয়া লিখিত হইল। ঐ দুই মূলগ্রন্থের লক্ষণ ও উদাহরণ সকলও এই গ্রন্থে উদ্ধৃত হইয়াছে। তাহার মধ্যে ছন্দোমঞ্জরী হইতে বৃত্তরত্নাবলীর লক্ষণ ও উদাহরণ সকল * এই চিহ্নে পৃথগ্‌ভূত হইয়া লিখিত হইল।

গ্রন্থারম্ভঃ।

পদ্যং চতুষ্পদী তচ্চ বৃত্তং জাতিরিতি দ্বিধা। বৃত্তমক্ষরসঙ্খ্যাতং জাতির্মাত্রাকৃতা ভবেৎ॥ সমমর্দ্ধসমং বৃত্তং বিষমঞ্চেতি তত্রিধা। সমং সমচতুষ্পাদং ভবত্যর্দ্ধসমং পুনঃ। আদিস্তৃতীয়বদ্‌যস্য পাদস্তুর্য্যো দ্বিতীয়বৎ। ভিন্নচিহ্নচতুষ্পাদং বিষমং পরিকীর্ত্তিতং॥

ম্যরস্তজভ্নগৈর্লান্তৈ রেভির্দশভিরক্ষরৈঃ।

সমস্তং বাঙ্ময়ং ব্যাপ্তং ত্রৈলোক্যমিব বিষ্ণুনা॥

মস্ত্রিগুরুস্ত্রিলঘুশ্চ নকারো ভাদিগুরুঃ পুনরাদিলঘুর্যঃ। জো গুরুমধ্যগতো রলমধ্যঃ সোঽন্তগুরুঃ কথিতোঽন্তলঘুস্তঃ। গুরুরেকো গকারস্তু লকারো লঘুরেককঃ। ক্রমেণ চৈষাং রেখাভিঃ সংস্থানং দর্শ্যতে যথা। ম ঙঙঙ, ন ।।।, ভ ঙ।।, য ।ঙঙ, জ ।ঙ।, র ঙ।ঙ, স ।।ঙ, ত ঙঙ।, গ ঙ, ল ।, জ্ঞেয়াঃ সর্ব্বান্তমধ্যাদিগুরবোঽত্র চতুষ্কলাঃ। গণাশ্চতুর্লঘূপেতাঃ পঞ্চার্য্যাদিষু সংস্থিতাঃ॥ যথা ঙঙ, ।।ঙ, ।ঙ।, ঙ।।, ।।।।,

সানুস্বারশ্চ দীর্ঘশ্চ বিসর্গী চ গুরুর্ভবেৎ। বর্ণঃ সংযোগপূর্ব্বশ্চ তথা পাদান্তগোঽপিবা॥ অত্র পাদান্তগো লঘুর্গুরুর্ভবেদ্বা। যথা। ‘তরুণং সর্ষপশাকং নবৌদনং পিচ্ছিলানি চ দধীনি। অল্পব্যয়েন সুন্দরি গ্রাম্যজনো মিষ্টমশ্নাতি॥’ সুন্দরীতি গ্রাম্যশব্দে পরে বিকল্পেন

লঘুত্বং॥ তথাহ ভট্টিঃ। 'অথ ললিতপতত্রিমালং কুশাশনবাধকেসর-তমালং। স বনং বিবিক্তমালং সীতাং দ্রষ্টুং জগাহালং॥' অত্র প্রথমপাদান্তস্থয়োর্লঘুত্বং॥ তথা পারিজাতহরণনাটকে। 'সিন্দূর-পূরকৃতগৈরিকরাগশোভে শশ্বন্মদস্রবণনির্ঝরবারিপূরে। সংগ্রামভূমি-গতমত্তসুরেন্দ্রকুম্ভকূটে যদীয়নখরাশনয়ো বিশন্তু॥' অত্র তৃতীয়চতুর্থ-পাদান্তলঘোর্গুরুত্বং॥ তথাচ অচ্যুতচরিতেঽপি। 'রক্তেন কেশি-দশনক্ষতসম্ভবেন রেজে স মণ্ডিততরো হরিবাহুদণ্ডঃ। তদ্দন্তসন্দলিত-ভীমভুজপ্রতাপবহ্নেরিব স্ফুটকণপ্রকরেণ কীর্ণঃ॥' অত্র প্রথমতৃতীয়-পাদান্তস্যাপি লঘোর্গুরুত্বং॥

প্রত্রেবেতি পুনঃ পিঙ্গলমুনের্বিকল্পবিধায়কং সূত্রং॥ ততশ্চ ভ্রমারে। 'সা মঙ্গলস্নানবিশুদ্ধগাত্রী গৃহীতপ্রত্যুদ্গমনীয়বস্ত্রা। নিবৃত্ত-পর্জন্যজলাভিষেকা প্রফুল্লকাশা বসুধেব রেজে॥' অত্র প্রশব্দে পরে গুরোর্লঘুত্বং॥ 'প্রাপ্তনাভিহ্রদমজ্জনমাশু প্রস্থিতং নিবসনগ্রহ-ণায়। ঔপনীবিকমরুদ্ধ কিল স্ত্রী বল্লভস্য করমাত্মকরাভ্যাং॥' ইতি মাঘে। অত্র হ্রশব্দে পরে গুরোর্লঘুত্বং॥

তীব্রপ্রযত্নোচ্চারণেনাত্র লঘুত্বমিতি কণ্ঠাভরণঃ। যদুক্তং 'যদা তীব্রপ্রযত্নেন সংযোগাদেরগৌরবং। ন ছন্দোভঙ্গ ইত্যাহুস্তদা দোষায় সূরয়ঃ॥'

যতির্জিহ্বেষ্টবিশ্রামস্থানং কবিভিরুচ্যতে। সা বিচ্ছেদবিরামাদ্যৈঃ পদৈর্বাচ্যা নিজেচ্ছয়া॥ কচিচ্ছন্দস্যান্তে যতিরভিহিতা পূর্ব্বকৃতিভিঃ পদান্তে সা শোভাং ব্রজতি পদমধ্যে ত্যজতি চ। পুনস্তত্রৈবাসৌ স্বর-বিহিতসন্ধিঃ শ্রয়তি তাং যথা কৃষ্ণঃ পুষ্যাদতুলমহিমা মাং করুণয়া॥ অয়ঞ্চ শ্লোকেশ্ছন্দোগোবিন্দে। 'শ্বেতমাণ্ডব্যমুখাস্তু নেচ্ছন্তি মুনয়ো যতিং। ইত্যাহ ভট্টঃ স্বগ্রন্থে গুরুর্নে পুরুষোত্তমঃ॥' অতএব মুরারিঃ। 'যঙ্কুক্তৈ ত্রিভুবনাং পুরামপি রিপৌ কণ্ডূলদোর্মণ্ডলীলীলালূনপুনর্বিরূঢ়-শিরসো বীরস্য লিপ্সোর্বরং। যাচ্ঞাদৈন্যপরাঞ্চি যস্য কলহায়ন্তে

মিথস্তুং ত্বং ত্বং ত্বমিত্যাক্তিতো মুখানি স দশগ্রীবঃ কথং কথ্যতামিতি ॥'
জয়দেবোঽপি। 'সাধ্বী মাধ্বীকচিন্তা ন ভবতি পরিতঃ শর্করে কর্করাসি
দ্রাক্ষে দ্রক্ষ্যন্তি কে ত্বামমৃত মৃতমসি ক্ষীর নীরং রসস্তে। মাকন্দ ক্রন্দ
কান্তাধর ধরণিতলং গচ্ছ যচ্ছন্তি যাবদ্ভাবং শৃঙ্গারসারস্বতমিহ জয়দেবস্য
বিষ্বগ্বচাংসি' ইতি॥ 'এবমন্যোঽপি। 'কত্যদ্রিপ্রশিরোধিতাঃ কতি
নদীপাথোনিধিপ্লাবিতাঃ, কত্যেবাটবিকাং গতাঃ কতি ন বা ভূদেব-
দেবৈর্বৃতাঃ। ভূয়ো ভূমিপতীন্দ্র তাবকযশঃপ্রস্তাবনামণ্ডলী কোষী-
কৃত্য জগজ্জনং কতিবরাটীর্ভমুর্দং যাস্যতি' ইতি॥

* "ম য র স ত জ ভ ন ল। বসুমিত জগণন॥ ত্রিগো মকারো
যগণশ্চ লাদির্মধ্যে লঘুরোঽন্তগুরুঃ সকারঃ। অন্তে লঘুস্তো জগণো
গমধ্যো গাদির্ভকারস্ত্রিলঘুর্নকারঃ॥ মো ভূঃ শ্রিয়ং যোঽম্বু দদাতি
বৃদ্ধিং রোঽগ্নির্মৃতিং সঃ পবনো বিদেশং। তো ব্যোমশূন্যং তপ-
নো রুজং জো যশোত ইন্দুর্ভুজগঃ সুখং নঃ॥ দীর্ঘস্বরো বিন্দুযুতো
বিসর্গী সংযুক্তপূর্বশ্চ গুরুর্দ্বিমাত্রঃ। পাদান্তগামী তু গুরুর্লঘুর্বা বর্ণো
বিকল্পেন গুরুর্নিযুক্তঃ। গুরোর্বিভিন্নো লঘুরেকমাত্রো হ্রপ্রাদি-
পূর্বোঽপি লঘুর্বিকল্পাৎ। কচিৎ সবিন্দুঃ কচিদর্দ্ধবিন্দুরোকারযুক্তো-
ঽপি লঘুঃ কচিৎ স্যাৎ। উচ্চার্যমাণাস্ত্বরিতপ্রযত্নাৎ দ্বিত্রাশ্চ বর্ণাঃ
কচিদেকভাবং। ভজন্তি ভাষাস্বথ সংস্কৃতেষু বিনার্ষমিশং বহুশো ন
যোজ্যং॥ গো গুরুং লো লঘুং বোধয়েৎ ভূপতে॥ ইহ গুরুলঘুবর্ণ-
ন্যাসনৈয়ত্যহেতো র্নহি গণগুণদোষৌ বর্ণবৃত্তে বিচার্য্যৌ। অনি-
য়ত-ল-গ-বর্ণন্যাসতঃ শ্লোকসংজ্ঞে প্রভবতি খলু মাত্রাবৃত্তএতদ্বিচারঃ॥
সুরশুভবাচ্যে নহি গণদোষঃ। জগুরিতি কেচিৎ নতু পুনরন্যো॥
শুভমশুভং যৎ ফলমিদমুক্তং। নৃপবধূ যুক্তং প্রথমগণে তৎ॥ প্রস্তা-
রে তু লঘুর্দেয়ঃ প্রথমস্য গুরোরধঃ। যথোপরি তথা শেষং পশ্চাদূর্ধ্ব-
বামতো গুরুঃ॥ দ্বিগুণান্ দ্বিগুণানঙ্কান্ বর্ণানামুপরি ন্যসেৎ। এবং
প্রস্তারসংখ্যা স্যাদন্ত্যাঙ্কদ্বিগুণোন্মিতা॥"

আরভ্যৈকাক্ষরাৎ পাদাদেকৈকাক্ষরবর্দ্ধিতৈঃ । পৃথগুক্থাদিসংজ্ঞং স্যাচ্ছন্দঃ ষড়্বিংশতিং গতং ॥ যথা, উক্থাত্যুক্থা তথা মধ্যা প্রতিষ্ঠান্যা সুপূর্ব্বিকা । গায়ত্র্যুষ্ণিগনুষ্টুপ্‌চ বৃহতী পঙ্‌ক্তিরেবচ । ত্রিষ্টুপ্‌চ জগতী চৈব তথাতিজগতী মতা । শক্করী সাতিপূর্ব্বা স্যাদষ্ট্যত্যষ্টী ততঃ স্মৃতে । ধৃতিশ্চাতিধৃতিশ্চৈব কৃতিঃ প্রকৃতিরাকৃতিঃ । বিকৃতিঃ সংকৃতিশ্চৈব তথাতিকৃতিরুৎকৃতিঃ । ইত্যুক্তাশ্ছন্দসাং সংজ্ঞাঃ ক্রমশো বচ্মি সাম্প্রতং ॥ ইতি ছন্দোমঞ্জর্য্যাং সুখবন্ধাখ্যঃ প্রথমঃ স্তবকঃ ॥

অস্য সারার্থঃ ।

১২ । শশিবদনা ।

ম য র স সঙ্গে, ত জ ভ ন যোগে । ইহ বসু বর্ণে, কতি গণ সংজ্ঞা ॥ ২৩ ॥

১৩২ । সবৈয়ান্তর্গতা মাধবিকা ।

১৫ . . ১৭ . . ২০ . . ২৩ ২৪

দশাক্ষর বর্ণিত মূল মতে ল গ বর্ণ যুতে কর পূরণ সঙ্খ্যা,
হবে প্রথমোক্ত নিরূপিত অষ্টগণে তিন অক্ষর বোধক সর্ব্বে ।
কালে দশ অক্ষর কেবল যুক্তিবশে অনুধাবিত ইঙ্গিত বাক্যে,
ইহার বলে অতিদীর্ঘ পদের কথা রচনা হইবেক সমাসে ॥২৪॥

১৩১। সবৈয়াস্তর্গতা মল্লিকা।

ত্রিদীর্ঘ মকার, ভ আদি গুরু, ত্রিলঘু প্রতিপাদ্য নকার হবে, যকার লঘু প্রথমা, লঘুমধ্য রকার, স শেষগুরু প্রতিমা। সদা লঘু শেষ ত বর্ণ, জ মধ্যগুরু প্রতিপাদিত সর্ব্বজনে, ত্রিবর্ণ বিবোধক অষ্ট ইহা, গুরু এক গ বর্ণ, ল এক লঘু॥ ২৫॥

ম ১, ২, ৩—ভ ১ .. —ন ... —য ২, ৩—র ১ ৩—
স .. ৩—ত ১, ২ .—জ ২ —গ ১—ল .—

৯০। ভ্রমরাবলি।

করিতে হয় যে নিয়মে কবিতা রচনা, প্রথমে কহি সে সব কৌশল শুদ্ধমতে। হয় বিন্দু বিসর্গ যুক্তাক্ষর দীর্ঘ সদা. গুরু সে লঘু যৎপর অক্ষর যুক্ত রহে॥ ২৬॥

১২৯। সবৈয়াস্তর্গতা চিত্রপদা।

পাদ-সমাপ্তি-বিধায়ক যে লঘু বর্ণ কিবা গুরুবর্ণ সমূহ, সে সব বর্ণ বিকল্প ছলে লঘু দীর্ঘ হবে গুরু লাঘব গণ্য। যদ্যপি সংযুত বর্ণ করে নিজ পূর্ব্বজ বর্ণচয়ে গুরু নিত্য, কিন্তু বিকল্প-বশে প্র হ্র অক্ষর পূর্ব্বজ লাঘব না হয় দীর্ঘ॥ ২৭॥

১৩০॥ সবৈয়াস্তর্গতা মালতী

তীব্র সুযত্ন সনে পঠনে যুত অক্ষর পূর্ব্বজ বর্ণ [illegible]
গৌরব হীন হবে তবু পণ্ডিত নাহি করে অনুদূষণ [illegible]

তার সমস্ত উদাহরণে পরিপূর্ণিত থাকিল সংস্কৃত কাব্যে,
ভাব পরিগ্রহ তায় হবে ইহ কারণ নাহিক বর্ণিব ভাষা ॥ ২৮ ॥

১৫৭ ॥ উপেন্দ্রবজ্রভব উপজাতি।

সবিন্দু কিম্বা যুত অর্দ্ধবিন্দু, ওকার যুক্তাক্ষর দীর্ঘ বাচ্য।
কচিদ্বিকল্পে হয় হ্রস্ব সর্ব্বে, তীব্র প্রযত্নে পঠনের ভাবে ॥ ২৯॥

তথা হবে মান্য কদা বিকল্পে, দ্বিত্র্যক্ষরোচ্চারিত একভাবে।
সমান পূর্ব্বোক্ত মতে ইহাতে, তীব্রপ্রযত্নে পঠনে সুসাধ্য ॥

১৩৬ ॥ সবৈয়ান্তর্গতা কমলা।

যুগশব্দ বিভেদক মৌন তথা স্বরসন্ধি যুতাক্ষর যুগ্মক মধ্যে।
রসনা নিজ ইষ্ট বিপায় বিরাম করে কবিতা পঠনে যদি
কিঞ্চিৎ। হয় সেই বিরাম যথা উপযুক্ত, তদগ্রজ বর্ণ ধরে
যতি সংজ্ঞা, অতি রম্য পদান্ত যতি, স্থিত মধ্যপদে অপি
উক্ত, যথা, পদবাঞ্ছা ॥ ৩১ ॥

ভাষা রচনার মূল নিয়ম

৬৬ ॥ প্রভাবতী।

মূলানুবাদ লিখিনু বর্ণিয়া, ভাষা কি সংস্কৃত রচনা তরে।
গৌড়ীয় ভাষ রচন কারণে, সঙ্কেত ভেদ করিব বর্ণনা ॥ ৩২ ॥

প্রত্যেক আদ্য চরণ মস্তকে, শূন্যাঙ্ক যুক্ত করিনু অক্ষরে। সংখ্যাঙ্ক বোধক হইবে ইহা, অঙ্কে গ বোধক লঘু শূন্যতে ॥ ৩৩ ॥

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯ ১০ ১১

প্রত্যেক পাদ রচন সাধনে, সংখ্যা হবে গুরু লঘু নিশ্চিতে। বর্ণাঙ্ক বোধক সব জানিবা, সংখ্যা মতে কর ল গ যোজনা ॥ ৩৪ ॥

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯ ১০ ১১

উৎকৃষ্ট ভাব-নিচয় ভাবিয়া, বাক্যানুবন্ধ কর সুশৃ-ঙ্খলে। পূর্ব্বোক্ত শাসন সব মানিয়া কর্ত্তা ক্রিয়া করণ বিচারিবে ॥ ৩৫ ॥

১১ ৩ ৬

এবম্প্রকার নিয়ম পালনে, ছেদানুবোধক যতি রাখিবে। মাধুর্য্য কোমল শুনিতে হবে, ছন্দে কৃতার্থ হইবে তবে ॥ ৩৬ ॥

১৫৭ ॥ উপেন্দ্রবজ্রভব উপজাতি।

হসন্ত যে বর্ণ বিহীন সংখ্যা, অত্যল্প উচ্চারিত সে স্বভাবে। নহে নিজে সে গণনীয় বর্ণে, তত্রাপি পূর্ব্বস্থ ল কে গ কারী ॥ ৩৭ ॥

২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯ ১০ ১১ ১ ২ ৩ ৪ ৫

ক্ষ বর্ণকে সংযুত বর্ণ বোধে, তৎপূর্ব্ব বর্ণে কর দীর্ঘ গণ্য। সমস্ত দীর্ঘ-স্বর-বর্ণ দীর্ঘ, তদ্ভিন্ন বর্ণে লঘুভাব সর্ব্ব [illegible]

১৫৮। ইন্দ্রবংশ-ভব উপজাতিঃ

শব্দান্ত দীর্ঘের বিকার সর্ব্বদা, ঘটায় সম্বোধন-বাচ্য সংস্কৃতে।
ভাষায় সে শাসন মান্য না হবে, সদর্থ বোধে হয় কাব্য-
শোভনা ॥ ৩৯ ॥

অথ সমবৃত্তং।

উক্থা। একাক্ষরা বৃত্তির্যথা ॥

১। গঃ শ্রীঃ।

শ্রীস্তে সাস্তাৎ ॥

শ্রীঃ স্যাৎ গশ্চেৎ ॥

উক্থা। একাক্ষরা বৃত্তি।

১। শ্রী।

শ্রী যে, মা সে ॥ ৪০ ॥

অত্যুক্থা। দ্ব্যক্ষরা বৃত্তির্যথা ॥

২। গৌ স্ত্রী ॥

গোপ-স্ত্রীভিঃ কৃষ্ণো রেমে ॥

অত্যুক্থা। দ্ব্যক্ষরা বৃত্তি।

২। স্ত্রী।

যোগী সর্ব্বে, কৃষ্ণে বন্দে। ৪১

৩। * মধু।

দ্বয়মপি লঘু মধু।

৩। * মধু।

ভজ মন। মধুরিপু॥ ৪২॥

স্মর হরি। অহরহ॥ ৪৩॥

হরি বল। হরি বল॥ ৪৪॥

মধ্যা। ত্র্যক্ষরা বৃত্তির্যস্যা।

৪। মো নারী।

গোপীনাং নারীভিঃ। শ্লিষ্টো হ্ব্যাৎ কৃষ্ণোবঃ॥

অথ তালী। সর্ব্বেচেদ্দীর্ঘার্ণাঃ। তালীতি প্রোক্তা সা॥

মধ্যা। ত্র্যক্ষরা বৃত্তি।

৪ নারী। তালী।*

মূঢ়েরা শ্রীকান্তে। চিন্তে না একান্তে॥ ৪৫॥

সংসারে কৃষ্ণাখ্যা। নিস্তারে দুস্তারে॥ ৪৬॥

৫। রোমৃগী।

সা মৃগী-লোচনা। রাধিকা শ্রীপতে।

৫। মৃগী।

জাগিয়া যামিনী। রাধিকা মানিনী॥ ৪৭॥

দেখিয়া মাধবে। ক্রোধিতা অন্তরে॥ ৪৮॥

---

* নারী ও তালী এই উভয়ের মধ্যে কোন বিভিন্নতা নাই, কেবল দুই গ্রন্থে ভিন্ন ভিন্ন নাম লিখিত হইয়াছে মাত্র।

প্রতিষ্ঠা। চতুরক্ষরা বৃত্তি র্যথা।

৬। মেগৌ চেৎ কন্যা।

ভাস্বৎকন্যা, সৈকা ধন্যা। যস্যাঃ কূলে, কৃষ্ণোঽখেলৎ।

* তীর্ণা। চত্বারশ্চেদ্দীর্ঘা বর্ণাঃ। তীর্ণা নাম্নী বৃত্তিঃ প্রোক্তা॥

প্রতিষ্ঠা। চতুরক্ষরা বৃত্তিঃ।

৬। কন্যা। তীর্ণা।*

মৌনীভাবে, চিন্তামগ্না। সম্ভাষে না, গোপীনাথে॥ ৪৯॥

লীলা সাধে, কংসধ্বংসী। রাধাপায়ে, অর্পে পাণি॥ ৫০॥

তাহে আরো, মানে রোষে। ম্লানা রাধা, ক্রোধে মত্তা॥ ৫১॥

ভগ্নাশ্বাসে, দীনত্রাতা। অন্তর্ধ্যানে, বজ্রে কুঞ্জে॥ ৫২॥

মায়াযোগে, বিশ্বস্রষ্টা। নারীবেশে, যোগী সাজে॥ ৫৩॥

ভস্মাচ্ছন্না, হস্তে বীণা। বীণাবাদ্যে, গানাসক্তা॥ ৫৪॥

রাধা রাধা, বাজে বীণা। চাহে ভিক্ষা, কুঞ্জদ্বারে॥ ৫৫॥

৭। ন গৌ সতী।

মুররিপো, তব পদং। নমতি সা, ননু সতী॥

* নগণ গৌ বিনিহিতৌ। যদি সতী নিগদিতা॥

৭। সতী।

সহচরীগণ সবে। ধ্বনি শুনে পুলকিতা॥ ৫৬॥

সখি বলে, সকরুণে। চল ধনী ধন দিতে॥ ৫৭॥

* কন্যা ও তীর্ণা একি প্রকার ছন্দ, নাম ভেদ মাত্র।

৮। * ধারি।

রং বিধায়, লং নিধায়। ধারি নাম বৃত্তিমেহি॥

৮। ধারি।

শ্রেষ্ঠ সার দানধর্ম্ম। এহি সর্ব্ব শাস্ত্র উক্তি॥ ৫৮॥
যাচকের মান রাখ। দেহ দান যেই চায়॥ ৫৯॥

সুপ্রতিষ্ঠা। পঞ্চাক্ষরা বৃত্তি র্যথা।

৯। ভেগৌ গিতি পঙ্‌ক্তিঃ।

কৃষ্ণসনাথা, তর্ণকপঙ্‌ক্তিঃ। যামুনকচ্ছে চারু চচার॥

* চেদ্ভগণান্তে গ দ্বয় যোগঃ। বৃত্তি রিহোক্তা সাক্ষরপঙ্‌ক্তিঃ॥

সুপ্রতিষ্ঠা। পঞ্চাক্ষরা বৃত্তি।

৯। পঙ্‌ক্তি।

কৃষ্ণবিযুক্তা, ব্যাকুলিতাত্মা। ইচ্ছিল রাধা, সাত্বিক-দানে॥ ৬০॥
বেষ্টিত গোপী, চঞ্চল মানে। চেষ্টিতচিন্তা, কাঞ্চন দানে॥ ৬১॥

১০। সজৌগঃ প্রিয়া।

ব্রজসুভ্রুবো, বিলসৎকলাঃ। অভবন্ প্রিয়া মুরবৈরিণঃ॥

১০। প্রিয়া।

যত গোপিকা, হরিষে চলে। লইতে ধনে, হরিকে বলে॥ ৬২॥
কয় রাধিকা, সরসান্তরে। দিব কাঞ্চনে, লহ অঞ্চলে॥ ৬৩॥

গায়ত্রী। ষড়ক্ষরা বৃত্তির্যথা।

১১। তো চেত্তনুমধ্যা।

মূর্ত্তির্মুরশত্রো রত্যদ্ভুতরূপা। আস্তাং মমচিত্তে নিত্যং তনুমধ্যা।
নশ্যন্তি দদর্শ বৃন্দানি কপীন্দ্রঃ। হারীণ্যবলানাং হারীণ্যবলানাং॥
ইতি তটৌ। পাদান্তত্বেন দদর্শ ইত্যত্র গুরুত্বং॥

গায়ত্রী। ষড়ক্ষরা বৃত্তি।

১১। তনুমধ্যা।

নিন্দা করি ভাগ্যে, ভাযে ছলযোগী।
স্বর্গে নহি কামী, ইচ্ছা সুধু ধর্ম্মে॥ ৬৪॥

১২। শশিবদনা নৌ।

শশিবদনানাং ব্রজতরুণীনাং। অধরসুধোর্ম্মিং মধুরিপু রৈচ্ছৎ॥
* গুণগণবিত্তে কুরু নিজচিত্তে। ন য গণ যোগাচ্ছশিবদনা স্যাৎ॥

১২। শশিবদনা।

যদি কর পদ্মে, কর মতি দানে।
কহি তব কাছে, মম মনবাঞ্ছা॥ ৬৫॥
ভাষায় ২৩ সঙ্খ্যক কবিতা দেখ।

১৩। দ্বিযা সোমরাজী।

হরে সোমরাজী সমা তে যশঃশ্রীঃ। জগন্মণ্ডলস্য চ্ছিনত্ত্যন্ধকারং॥
* যকার দ্বয়েন প্রবৃত্তা হি বৃত্তিঃ। ভবেৎ সোমরাজী তথা শঙ্খনারী॥

১৩। সোমরাজী।

প্রতিজ্ঞা প্রকাশে, পরে দেহ ভিক্ষা।
দিবে দান যাহে হবে মোর বাঞ্ছা ॥ ৩৬ ॥

বলে ভূপবালা, সুধামিষ্ট বাক্যে।
হয়ে আছি মুগ্ধা, শুনে তোর বীণা ॥ ৩৭ ॥

উষ্ণিক্। সপ্তাক্ষরা বৃত্তির্যথা।

১৪। ন ন গি মধুমতী।

রবিদুহিতৃতটে বনকুসুমততিঃ। ব্যধিত মধুমতী মধুমথনমুদং।
সকলবসুমতীবিদিতহিতমতে। নগণ নগণ গৈ রচয় মধুমতীং।

উষ্ণিক্। সপ্তাক্ষরা বৃত্তিঃ।

১৪। মধুমতী।

শপথ করি ধনী, প্রিয় বচন কহে।
দিব তব চরণে, যদি শকতি রহে ॥ ৩৮ ॥

১৫। কুমারললিতা জসগাঃ।

মুরারিতনুবল্লী কুমারললিতা সা। ব্রজৈণনয়নানাং ততান মুদমুচ্চৈঃ

১৫। কুমারললিতা।

কি চাহ মম কাছে, প্রকাশ কর বাক্যে।
কি জানি কুলবালা, মনে কি তব আশা ॥ ৩৯

১৬। মস্‌গৌ স্যান্মদলেখা।

স্কন্ধে বাহুবিলম্বাদ্দন্তীস্রাম্মদলেখা। লগ্নাভূম্মুরশত্রো কস্তূরীরসচর্চ্চা ॥

* দীর্ঘং চেৎ ত্রয়মাদৌ তৎপশ্চাৎ লঘুযুগ্মং। অন্তে স্যাদ্‌গুরুযুগ্মং ন্যাসাৎ স্যান্মদলেখা ॥

১৬। মদলেখা।

পদ্মাক্ষী শুন তন্বী, শ্রীকৃষ্ণে তুমি তুল্যা।
বংশী বাদ্য করে সে, হস্তেতে তব বীণা ॥ ৭০ ॥

অনুষ্টুপ্‌। অষ্টাক্ষরা বৃত্তির্যথা

১৭। চিত্রপদা যদি ভৌ গৌ

যামুনসৈকতদেশে গোপবধূজনকেলৌ।
কংসরিপোর্গতিলীলা চিত্রপদা জগদব্যাৎ ॥

* ভদ্বিতয়ং দ্বিগযুক্তং পন্নগনাথনিরুক্তং।
সজ্জনচেতসি বৃত্তং চিত্রপদাভিধবৃত্তং ॥

অনুষ্টুপ্‌। অষ্টাক্ষরা বৃত্তি।

১৭। চিত্রপদা।

নীলঘনাকৃতি দেহী, গোপবধূমনহারী।
তাদৃশ নীলিম রূপে, শ্যামতনূ তুমি নারী ॥ ৭১ ॥

১৮। ভাত্তলগা মাণবকং।

১ ॰ ॰ ৪ ৫ ॰ ॰ ৮

চঞ্চলচূড়ঞ্চপটৈৰ্ব্বৎসকুলৈঃ কেলিপরং।
ধ্যায় সখে স্মেরমুখং নন্দসুতং মাণবকং॥

১ ॰ ॰ ৪ ৫ ॰ ॰ ৮

* যত্র পুরস্তাদ্ভগণঃ স্যাৎ পরতো ভত্তগণঃ।
মাণবকঃ সপ্রথিতশ্ছন্দসি তো গো নিদিতঃ॥

১৮। মাণবক।

১ ॰ ॰ ৪ ৫ ॰ ॰ ৮

বন্ধুবিয়োগী তুমি বা, মাদৃশ দুঃখী রমণী।
ম্লানমুখী প্রাণ দহে, রত্ন বিনা যেন ফণী॥ ১২॥

১৯। মো মো গো গো বিদ্যুন্মালা।

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮

বাসোবল্লীবিদ্যুন্মালা বর্হশ্রেণী শাক্রশ্চাপঃ।
যস্মিন্নাস্তাং তাপোচ্ছিত্ত্যৈ গোমধ্যস্থঃ কৃষ্ণাম্ভোদঃ॥

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮

* দীর্ঘা যস্যামষ্টৌ বর্ণা বিশ্রামঃ স্যাদ্বেদৈর্বেদৈঃ।
গৌড়ক্ষেত্রক্ষৌণীনাথ প্রোক্তা হৃদ্ভির্বিদ্যুন্মালা॥

১৯। বিদ্যুন্মালা। ৪ যতি।

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮

মেঘাচ্ছন্নে চন্দ্রাদিত্যে, ভস্মাচ্ছন্নে বহ্নিজালে।
সায়ংকালে আলো ঢাকে, বিচ্ছেদে তদ্রূপা বালা॥ ১৩॥

২০। গ্নৌ র জৌ সমানিকা তু।

১ ॰ ৩ ॰ ৫ ॰ ৭ ॰

যস্য কৃষ্ণপাদপদ্মমস্তি হৃত্তড়াগসদ্ম।
ধীঃ সমানিকা পরেণ নোচিতাত্র মৎসরেণ॥

২০। সমানিকা।

শ্যামবর্ণ দেখি তোর, চিন্তি সেই চিত্তচোর।
ক্লেশযুক্ত আস্য দেখি, ভাবি মোর তুল্য দুঃখি॥ ৭৪॥

২১। প্রমাণিকা জরৌ লগৌ।

পুনাতু ভক্তিরচ্যুতা সদাচ্যুতাঙ্ঘ্রিপদ্ময়োঃ।
শ্রুতিস্মৃতিপ্রমাণিকা ভবাম্বুরাশিতারিকা॥

লগস্থিতির্নিরন্তরা প্রমাণিকাষ্টকাক্ষরা।
ইয়ং পরৈরুদীরিতা নগস্বরূপিণী হিতা॥

২১। প্রমাণিকা।

দ্বিধামতে হলে সখী, কিসে প্রিয়ে হবে সুখী।
স্বগুণে প্রকাশিলে, অদেয় নাহি ভূতলে॥ ৭৫॥

২২। ন ভ ল গা গজগতিঃ।

রবিসুতাপরিসরে বিহরতো দৃশি হরেঃ।
ব্রজবধূগজগতির্মুদমলং ব্যতনুত॥

অবতু বো গিরিসুতা শশিভৃতঃ প্রিয়তমা।
বসতু মে হৃদি সদা ভগবতঃ পদযুগং॥

২২। গজগতি।

দৃঢ়মতে সবিনয়ে, কহিল ভূপতিসুতা।
কহ তব প্রিয় কিবা, করিব হে শশিমুখি॥ ৭৬॥

বৃহতী। নবাক্ষরা বৃত্তির্যথা।

২৩। ভুজগশিশুভৃতা নৌ মঃ।

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯

হ্রদতটনিকটক্ষৌণী ভুজগশিশুভৃতা যাসীৎ।
মুররিপুদলিতে নাগে ব্রজজনসুখদা সাভূৎ।
ভৃতেত্যত্র সৃতা ইতি বৃত্তা ইতিচ কেচিৎ॥

বৃহতী। নবাক্ষরা বৃত্তি।

২৩। ভুজগশিশুভৃতা।

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯

নটবর তরুণীবেশে, গদগদ মন উল্লাসে।
জর জর মদনাঘাতে, মৃদু মৃদু মধু সম্ভাষে॥ ৭৭॥

* ২৪। রূপামালী।

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯

অন্ত্যোপান্ত্যা বর্ণা যত্র স্যুঃ সর্ব্বে দীর্ঘাঃ সপ্তাংশেনোক্তং।
রূপামালীসংজ্ঞং তদ্বৃত্তং যস্মিংস্তেচতঃ কেশাস্মুদ্ধৃত্তং॥

* ২৪। রূপামালী।

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯

বিচ্ছেদোত্তাপে তপ্তা ক্লিষ্টা, যে ভাবে ম্লানা হৈলো রাধে।
তাদৃক্ দশা বিচ্ছেদে আমি, প্রেমার্থে ভিক্ষাতে আসক্তা॥৭৮॥

২৫। স্যান্মণিমধ্যং চেদ্ভ ম সাঃ।

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯

কালিয়ভোগাভোগগতস্তন্মণিমধ্যস্ফীতরুচা।
চিত্রপদাভো নন্দসুতশ্চারু ননর্ত্ত স্মেরমুখঃ॥

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯

* আদি তুরীয়ং পঞ্চমকং ষষ্ঠমথাস্ত্যং স্যাদ্গুরু চেৎ।
ইন্দ্রিয়বেদ শ্চেদ্বিরতি স্তন্মণিবন্ধং প্রাহ ফণী।

২৫। মণিমধ্য। ৫।৪ যতি।

নাগর রুষ্টে দুঃখ ঘটে, বন্ধু বিহীনে হীনদশা।
কর্ম্মবশে দুর্ভাগ্যফলে, মানবিপাকে আমি কৃশা॥ ৭৯॥

২৬। স জ রৈ র্ভুজঙ্গসঙ্গতা।

তরলা তরঙ্গরিঙ্গিতৈর্যমুনা ভুজঙ্গসঙ্গতা।
কথমেতি বৎসচারকশ্চপলঃ সদৈব তাং হরিঃ॥

২৬। ভুজঙ্গসঙ্গতা।

নিজ মান আগুনে দিয়া, দহিয়াছি লাজ তৎসনে।
হইয়াছি বন্ধু লাগিয়া, ভ্রমণে রতা বনে বনে॥ ৮০॥

*২৭। কমলা।

দ্বিগুণ ন-গণ সহিতঃ সগণ ইহ হি বিহিতঃ।
ফণিপতিমতিবিমলা ক্ষিতিপ ভবতি কমলা॥

*২৭। কমলা।

বিষম বিরহ অনলে, অবিরত তনু দহিছে॥
কহি কিছু হিতকথনে, শ্রবণ করহ সুভগে॥ ৮১॥

পঙক্তিঃ। দশাক্ষরা বৃত্তির্যথা।

*২৮। সারবতী।

চেদ্ভগণত্রিতয়ং ক্রমতঃ স্যাদ্গুরুরন্তগতোহত্র মতঃ।
শ্রীযশবন্তনৃপপ্রথিতা সারবতী কবিভিঃ কথিতা॥

পঙ্‌ক্তিঃ। দশাক্ষরা বৃত্তি

* ২৮। সারবতী।

প্রেম সুথাবহ জীবচয়ে, যোগবিধায়ক সর্ব্বগতে।
সৃষ্ট হয়েছিল সত্ত্বগুণে, স্বচ্ছ সুনির্ম্মল রূপ পরে ॥ ৮২ ॥

১ . . ৪ . . ৭ . . ১০

প্রেম যথা অধিকার করে, মান কি গৌরব তুচ্ছ হয়।
মানবশে হয় গর্ব্ব মনে, গর্ব্বিত বঞ্চিত সথ্য-সুখে ॥ ৮৩ ॥

* ২৯। হংসী।

১ ২ ৩ ৪ . . . . . ১০

স্যাচ্চেদ্বর্ণো ম ভ ন গগতঃ পশ্চাদ্দীর্ঘো বিন্দুযুক্তঃ।
হংসী খ্যাতা শ্রুতিরসযতি স্তস্যাং কেষাং ন জয়তি মতিঃ॥

* ২৯। হংসী। ৪।৬ যতি।

১ ২ ৩ ৪ . . . . . ১০

যে দেহে গর্ব্বগরল রহে, নিশ্চিত প্রেমামৃত মৃত তথা।
মান ত্যাগে সব শুভ ঘটে, নানা দোষাকর ঘৃণিত সে ॥ ৮৪ ॥

৩০। রুক্মবতী সা যত্র ভ ম স গৌ।

১ . . ৪ ৫ ৬ . . ৯ ১০

কায়মনোবাক্যৈঃ পরিশুদ্ধৈ র্যস্য সদা কংসদ্বিষি ভক্তিঃ।
রাজপদে হর্ম্ম্যালিরুদারা রুক্মবতী বিষ্ণুঃ খলু তস্য॥
রূপবতীয়ং ক্বচিৎ ক্বচিৎ চম্পকমালা॥

১ . . ৪ ৫ ৬ . . ৯ ১০

* অক্ষরপংক্তিঃ স্যাৎ দ্বিগুণা চে-দক্ষরপংক্তেরক্ষরপংক্তিঃ।
* যত্র বিরামঃ সা কথিতাদ্যৈশ্চম্পকমালা বৃত্তিবিশালা।

৩০। রুক্মবতী। চম্পকমালা।

১ . . ৪ ৫ ৬ . . ৯ ১০
মান সদা নাশে সব ধর্ম্মে, মানস দাহার্থে পটু মান।
রাজসুতা মানে তুমি দীনা, দান করা ভালো ইহ মানে ॥ ৮৫।

৩১। জ্ঞেয়া মত্তা ম ভ স গ সৃষ্টা।

১ ২ ৩ ৪ . . . . ৯ ১০
পীত্বা মত্তা মধু মধুপালী কালিন্দীয়ে তটবনকুঞ্জে।
উদ্দীব্যন্তী ব্রজজনরামাঃ কামাসক্তা মধুজিত চক্রে॥

৩১। মত্তা।

১ ২ ৩ ৪ . . . . . ৯ ১০
মানে মানী হয় অপমানী, মানে গ্লানী ইহ পরলোকে।
মানপ্রেমে পরম বিরোধী, মানে দাহে অবিরত শোকে ॥৮৬॥

ত্বরিতগতিশ্চ ন জ ন টগঃ।

ত্বরিতগতি ব্রজযুবতিস্তরণিসুতা-বিপিনগতা।
মুররিপুণা রতিগুরুণা পরিরমিতা প্রমদমিতা॥

* যদি দশমং গুরু বিহিতং বিশিখমিতং সুকবিহিতং
অমৃতগতিঃ ফণিকথিতা দলযতিকা নৃপবিরতা॥

৩২। ত্বরিতগতি। ৫ যতি।

শুন তরুণী নৃপদুহিতে, নিবিড় বনে রহ কি সুখে।
বঁধু বিহনে চকিত মনে, তব কি দশা বল সুমুখি ॥ ৮৭ ॥

৩৩। ন র জ টগৈর্ভবেন্মনোরমা।

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯ ১০
তরঙ্গিজা তটে বিহারিণী ব্রজবিলাসিনী বিলাসতঃ।
মুররিপোস্তনুঃ পুনাতু বঃ সুকৃতশালিনাং মনোরমা॥

৩৩। মনোরমা।

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯ ১০
ত্বরিত মান দেহ যাচকে, নতত থাকিবে সুখী মনে,
বিরহ-বেদনা হবে ক্ষমা, প্রণয় বাড়িবে সখা সনে॥ ৮৮॥

ত্রিষ্টুপ্। একাদশাক্ষরা বৃত্তির্যথা।

৩৪। স্যাদিন্দ্রবজ্রা যদি তৌ জ গৌ গঃ।

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯ ১০ ১১
গোষ্ঠে গিরিং সব্যকরেণ ধৃত্বা রুষ্টেন্দ্রবজ্রাহতিমুক্তবৃষ্টৌ।
যো গোকুলং গোপকুলঞ্চ সুস্থং চক্রে স নো রক্ষতু চক্রপাণিঃ॥

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯ ১০ ১১
* আদ্যদ্বয়ং পঞ্চমকং তুরীয়ং চেদষ্টমং দীর্ঘমুপান্ত্যমন্ত্যং
তদীন্দ্রবজ্রা ভবসংখ্যবর্ণৈরুক্তা নৃপ শ্রীযশবন্তসিংহ॥

ত্রিষ্টুপ্। একাদশাক্ষরা বৃত্তি।

৩৪। ইন্দ্রবজ্রা।

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯ ১০ ১১
মানে যথা আমি করেছি দক্ষ, তাদৃক্ তুমি ত্যাগ কর সমানে
ভাবে তবে তুল্য হবে সখীতা, প্রেমে রণে যোগ্য সদা সমানে॥ ৮৯॥

৩৫। উপেন্দ্রবজ্রা প্রথমে লঘৌ সা।

উপেন্দ্রবজ্রাদিমণিচ্ছটাভির্বিভূষণানাং ছুরিতং বপুস্তে।
স্মরামি গোপীভিরুপাস্যমানং সুরদ্রুমূলে মণিমণ্ডপস্থং॥

অনন্তরোদীরিতলক্ষ্মভাজৌ পাদৌ যদীয়াবুপজাতয়স্তাঃ।
ইত্থং কিলান্যাস্বপি মিশ্রিতাসু বদন্তি জাতিষ্বিদমেব নাম॥

উপেন্দ্রবজ্রায়া ইন্দ্রবজ্রায়াশ্চ চরণঘটিতা উপজাতয়ঃ, তাশ্চ চতুর্বর্ণপ্রস্তারভেদাৎ আদ্যন্তৌ ত্যক্ত্বা চতুর্দশপ্রকারা ভবন্তি॥

৩৫। উপেন্দ্রবজ্রা।

অয়ে প্রিয়ে সত্য কথা বিলাসী, করেছ সত্যে নিজ বাক্যবন্দী।
দয়াগুণে দান দিলে স্বমানে, রবে মহাকীর্ত্তি বিকীর্ণ বিশ্বে॥৯০॥

৩৬। ন জ জ গৈ গদিতা সুমুখী।

তরণিসুতাতটকুঞ্জগৃহে বদনবিধুস্মিতদীধিতিভিঃ।
তিমিরমুদস্য মুখং সুমুখী হরিমবলোক্য চুচুম্ব চিরং॥

৩৬। সুমুখী।

ধরণি পরে তুমি ধন্য সতী, বচন সুধাসম শুদ্ধমতি।
শশিবদনা অবলা সরলা, পরিহর মানভুজঙ্গবিষে॥৯১॥

৩৭। মাত্তৌ গৌ চেচ্ছালিনী বেদলোকৈঃ।

অংহো হন্তি জ্ঞানবৃদ্ধিং বিধত্তে ধর্ম্মং দত্তে কামমর্থঞ্চ সূতে।
মুক্তিং দত্তে সর্ব্বদোপাস্যমানা পুংসাং শ্রদ্ধাশালিনী বিষ্ণুভক্তিঃ॥

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯ ১০ ১১

* দীর্ঘাবর্ণাঃ পঞ্চষষ্ঠাৎ পরৌ দ্বাবন্ত্যোপান্ত্যৌ চেদন্তিকের্নমধ্যৈঃ।
গৌড়ক্ষেত্রক্ষ্মাপতেঃ বংশহংস প্রোক্তা বৃত্তিঃ শালিনীনামধেয়া॥

৩৭। শালিনী। ৪র্থে যতি।

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯ ১০ ১১

বীণাযন্ত্রে গীত বাদ্যে সমর্থা, বৃন্দারণ্যে যাচমানা অনাথা।
তানে মানে গাইবে মানলাভে, দেশে দেশে ব্রাহ্মিণ্যাং হগাথা॥
৯২॥

৩৮। ঊর্ম্মিনিভ নামক নূতন ছন্দঃ ভাষায় প্রস্তুত করা গেল। ইহার সংস্কৃত নাই।

৩৮। ঊর্ম্মিনিভ।

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯ ১০ ১১

শ্রীরাধে তুমি চিন্তা কর যারে, সে মানে তব পায়ে ধরি সাধে।
পাষাণী সম রৈলে তবু মৌনী, কাঁদালে কত মিথ্যা অপরাধে॥
৯৩॥

৩৯। বাতোর্ম্মীয়ং গদিতা ম্ভৌ ত গৌ গঃ।

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯ ১০ ১১

ধ্যাতা মূর্ত্তিঃ ক্ষণমপ্যচ্যুতস্য শ্রেণী নাম্নাং গদিতা হেলয়াপি।
সংসারেঽস্মিন্ দুরিতং হন্তি পুংসাং বাতোর্ম্মী পোতমিবাম্ভোধিমধ্যে॥

৩৯। বাতোর্ম্মী।

১ ২ ৩

বাক্যাভাসে নৃপবালা প্রফুল্লা, মন্দিরান্তে নিজ নাথে নিরীক্ষে।
ভুমীপৃষ্ঠে ধ্বজবজ্রাঙ্কুশাঙ্কে, দৃষ্টে রাধা ছলবাক্যে পরীক্ষে॥৯৪

৪০। যো গো নো গৌ ভ্রমরবিলসিতা।

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯ ১০ ১১
মুগ্ধে মানং পরিহর ন চিরাত্তারুণ্যন্তে সফলয়তু হরিঃ।
ফুল্লা বল্লী ভ্রমরবিলসিতা ভাবে শোভাং কলয়তি কিমু তাং॥

৪০। ভ্রমরবিলসিতা।

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯ ১০ ১১
নব্যা যোগী তুমি যুবতি সতী, ভিক্ষাআশে ভ্রম গহন বনে।
মানে ভিক্ষা দিব মনসহিতে, অগ্রে কিঞ্চিৎ শুনি বল ললনে।
৯৫॥

৪১। স্যাদনুকূলা ভ ত ন গ গা শ্চেৎ।

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯ ১০ ১১
বল্লববেশা মুররিপুমূর্ত্তি র্গোপমৃগাক্ষীকৃতরতিপূর্ত্তিঃ।
